

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫৮৪

১২/ योकां (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ১২/১৪. নিকটাত্মীয়, পরিবার, সন্তান-সন্ততির উপর খরচ করা ও সদাকাহ করার মর্যাদা যদিও তারা মুশরিক হয়।

فضل النفقة والصدقة على الأقربين والزوج والأولاد والوالدين ولو كانوا مشركين

## আরবী

حَدِيْثُ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللهِ رَضِيَ اللهُ عَنْهُمَا قَالَتْ كُنْتُ فِي الْمَسْجِدِ فَرَأَيْتُ النّبِي عَلَيْ فَقَالَ تَصِدَّقْنَ وَلَوْ مِنْ حُلِيّكُنَّ وَكَانَتْ زَيْنَبُ تُنْفِقُ عَلَى عَبْدِ اللهِ وَأَيْتَامٍ فِي حَجْرِهَا قَالَ فَقَالَتْ لِعَبْدِ اللهِ سَلْ رَسُولَ اللهِ عَلَيْ أَيَجْزِي عَنِي أَنْ أُنْفِقَ عَلَيْكَ وَعَلَى أَيْتَامٍ فِي حَجْرِي مَنْ الصَّدَقَةِ فَقَالَ سَلِي أَنْتِ رَسُولَ اللهِ عَلَيْ فَانْطَلَقْتُ إِلَى النّبِي عَلَيْ فَوَجَدْتُ امْرَأَةً مِنَ الصَّدَقَةِ فَقَالَ سَلِي أَنْتِ رَسُولَ اللهِ عَلَيْ فَانْطَلَقْتُ إِلَى النّبِي عَلَيْ فَوَجَدْتُ امْرَأَةً مِنَ الصَّدَقَةِ فَقَالَ سَلْ النّبِي عَلَيْ أَيْتُ مَنْ عَلَيْنَا بِلَالٌ فَقُلْنَا سَلْ النّبِي عَلَيْ أَيْعَامٍ فِي حَجْرِي وَقُلْنَا بِلَالٌ فَقُلْنَا سَلْ النّبِي عَلَيْ أَيْعُونَا عَلَى الْنَبِي عَلَيْ أَيْ أَيْعَامٍ فِي عَجْرِي وَقُلْنَا لاَ تُحْبِرْ بِنَا فَدَخَلَ فَسَأَلَهُ فَقَالَ مَنْ عَمْ لَهَا أَجْرَانِ أَجْرُ الْقَرَابِ قَالَ الْمَرَأَةُ عَبْدِ اللهِ قَالَ نَعَمْ لَهَا أَجْرَانِ أَجْرُ الْقَرَابِةِ وَأَجْرُ الصَّدَقَةِ

## বাংলা

৫৮৪. 'আবদুল্লাহ (ইবনু মাস'উদ) (রাযি.)-এর স্ত্রী যায়নাব (রাযি.) হতে বর্ণিত; [রাবী আ'মাশ (রহ.) বলেন,] আমি ইবরাহীম (রহ.)-এর সাথে এ হাদীসের আলোচনা করলে তিনি আবূ 'উবায়দাহ সূত্রে 'আমর ইবনু হারিস (রাযি.)-এর স্ত্রী যায়নাব (রাযি.) হতে হুবহু বর্ণনা করেন। তিনি [যায়নাব (রাযি.)] বলেন, আমি মসজিদে ছিলাম। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখলাম তিনি বলছেনঃ তোমরা সাদাকা দাও যদিও তোমাদের অলংকার হতে হয়। যায়নাব (রাযি.) 'আবদুল্লাহ (রাযি.) ও তাঁর পোষ্য ইয়াতীমের প্রতি খরচ করতেন। তখন তিনি 'আবদুল্লাহকে বললেন, তুমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট জেনে এসো যে, তোমার প্রতি এবং আমার পোষ্য ইয়াতীমদের প্রতি খরচ করলে আমার পক্ষ হতে সাদাকা আদায় হবে কি? তিনি [ইবনু মাস'উদ (রাযি.)] বললেন, বরং তুমিই আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জেনে এসো।

এরপর আমি আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট গেলাম। তাঁর দরজায় আরো একজন



আনসারী মহিলাকে দেখলাম, তার প্রয়োজনও আমার প্রয়োজনের অনুরূপ। তখন বিলাল (রাযি.)-কে আমাদের পাশ দিয়ে যেতে দেখে বললাম, আপনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জিজ্ঞেস করুন, স্বামী ও আপন (পোষ্য) ইয়াতীমের প্রতি সাদাকা করলে কি আমার পক্ষ হতে তা যথেষ্ট হবে? এবং এ কথাও বলেছিলাম যে, আমাদের কথা জানাবেন না। তিনি প্রবেশ করে তাঁকে জিজ্ঞেস করলেন। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তারা কে? বিলাল (রাযি.) বললেন, যায়নাব। তিনি আবার জিজ্ঞেস করলেন, কোন্ যায়নাব? তিনি উত্তর দিলেন, 'আবদুল্লাহর স্ত্রী। নবী সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ তার জন্য দু'টি সওয়াব রয়েছে, আত্মীয়কে দেয়ার সওয়াব আর সাদাকা দেয়ার সওয়াব।

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ২৪: যাকাত, অধ্যায় ৪৮, হাঃ ১৪৬৬; মুসলিম, পর্ব ১২: যাকাত, অধ্যায় ১৪, হাঃ ১০০০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ যায়নাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন